

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ২২টি প্রতিষ্ঠানকে ৯৯.০০ হাজার টাকা জরিমানা

৬ জুলাই ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে সিলেট, মৌলভীবাজার, বরিশাল ও সিরাজগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্যাহ এর নেতৃত্বে সিলেটের এয়ারপোর্ট এলাকায় ৪টি প্রতিষ্ঠানকে ১৮,০০০/- (আঠার হাজার) টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের কানাইঘাট উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ২৮,০০০/- (আটাশ হাজার) টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশালের মুলাদি উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়র নেতৃত্বে বরিশালের মুলাদি উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, সিরাজগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ. এস. এম. মাসুম-উদ-দৌলার নেতৃত্বে সিরাজগঞ্জের উল্লাপাড়া উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকাসহ মোট ৮০,০০০/- (আশি হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মো: মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Park Town Restaurant কে ৩,০০০/- (তিন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ১টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়।

সিরাজগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ. এস. এম. মাসুম-উদ-দৌলা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ২টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৭ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়।

আজকের ৬টি বাজার তদারকির ও ৯টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ২২টি প্রতিষ্ঠানকে মোট ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ৯ জন অভিযোগকারীকে মং ৪,৭৫০/- (চার হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(রিনা বেগম)

সহকারী পরিচালক (কার্যক্রম)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dnrcr.gov.bd

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাংক/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, রাজশাহী, বরিশাল ও সিলেট।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, সিলেট, মৌলভীবাজার, বরিশাল ও সিরাজগঞ্জ।
- ৭। পুলিশ সুপার, সিলেট, মৌলভীবাজার, বরিশাল ও সিরাজগঞ্জ।
- ৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।